ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২০৫০

আগরতলা,৫ ডিসেম্বর,২০২৪

**<u>ন্যাশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স স্ট্যান্ডার্ড</u>**

**হালামবস্তি ও পশ্চিম তিলথৈ আয়ুষ্মান আরোগ্য মন্দির পুরস্কৃত**







জনস্বাস্থ্য কেন্দ্রগুলির স্বাস্থ্য পরিষেবার গুণগত মান বজায় রয়েছে কি না, তা খতিয়ে দেখতে ন্যাশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স স্ট্যান্ডার্ড (এন কিউ এ এস) পরিমাপ বা মূল্যায়ন করা হয়। জেলা হাসপাতাল, প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং আয়ুষ্মান আরোগ্য মন্দির (উপ-স্বাস্থ্যকেন্দ্র) এই স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ন্যাশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স স্ট্যান্ডার্ড (এন কিউ এ এস) পরিমাপ বা মূল্যায়ন করা হয়ে থাকে। চূড়ান্ত স্তরের মূল্যায়নে কোনও স্বাস্থ্যকেন্দ্র যদি ৭০ শতাংশের বেশি স্কোর করে এবং সমস্ত প্রয়োজনীয় মানদন্ড পূরণ করে, তবে সেই স্বাস্থ্যকেন্দ্রটি ন্যাশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স স্ট্যান্ডার্ড (এন কিউ এ এস) শংসাপত্র লাভ করে। এমনই ন্যাশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স স্ট্যান্ডার্ড (এন কিউ এ এস) এর শংসাপত্র লাভ করেছে উত্তর ত্রিপুরা জেলার তিলথৈ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অধীন হালামবস্তি আয়ুষ্মান আরোগ্য মন্দির (উপ-স্বাস্থ্যকেন্দ্র) এবং পশ্চিম তিলথৈ আয়ুষ্মান আরোগ্য মন্দির (উপ-স্বাস্থ্যকেন্দ্র)। উল্লেখ্য হালামবস্তি আয়ুষ্মান আরোগ্য মন্দির (উপ-স্বাস্থ্যকেন্দ্র)টি ২০১১ সালে এবং পশ্চিম তিলথৈ আয়ুষ্মান আরোগ্য মন্দির (উপ-স্বাস্থ্যকেন্দ্র)টি ২০১৪ সালে প্রতিষ্ঠিত হয়েছে। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রক এই দুটি আয়ুষ্মান আরোগ্য মন্দির (উপ-স্বাস্থ্যকেন্দ্র)এর স্বাস্থ্য পরিষেবায় গুণমান মূল্যায়নে তাদের শ্রেষ্ঠত্বের স্বীকৃতি স্বরূপ এই ন্যাশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স স্ট্যান্ডার্ড (এন কিউ এ এস) শংসাপত্র প্রদান করে। হালামবস্তি আয়ুষ্মান আরোগ্য মন্দির (উপ-স্বাস্থ্যকেন্দ্র) এর স্বাস্থ্যকর্মী হিসেবে কর্মরত রয়েছে কমিউনিটি হেলথ অফিসার জেসি লাল নুন ডিকি ডার্লং,এমপিডব্লিউ লাল হমিং থাং হালাম এবং পশ্চিম তিলথৈ আয়ুষ্মান আরোগ্য মন্দির (উপ-স্বাস্থ্যকেন্দ্র) এর স্বাস্থ্যকর্মী হিসেবে কর্মরত রয়েছে কমিউনিটি হেলথ অফিসার পূর্বালী নাথ, এমপিডব্লিউ সঞ্জয় নাথ। সম্প্রতি উক্ত দুইটি আয়ুষ্মান আরোগ্য মন্দির (উপ-স্বাস্থ্যকেন্দ্র)-এ কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রকের এক পরিদর্শন দল পরিদর্শন করে গেছেন। এই দুইটি আয়ুষ্মান আরোগ্য মন্দির (উপ-স্বাস্থ্যকেন্দ্র)ন্যাশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স স্ট্যান্ডার্ড (এন কিউ এ এস) এর শংসাপত্র অর্জন করায় তিলথৈ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত চিকিৎসক ডাঃ রাহুল চন্দ্র সাহা হালামবস্তি আয়ুষ্মান আরোগ্য মন্দির (উপ-স্বাস্থ্যকেন্দ্র) এবং পশ্চিম তিলথৈ আয়ুষ্মান আরোগ্য মন্দির (উপ-স্বাস্থ্যকেন্দ্র) কর্মরত সকল স্বাস্থ্যকর্মীদের অভিনন্দন জানিয়েছেন। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

*****